ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬২৮

আগরতলা, ৮ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'ফের দিনদুপুরে দুই বাড়িতে দুঃসাহসিক চুরি, তীব্র চাঞ্চল্য' শিরোনামে ২৪ এপ্রিল, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদের স্পষ্টিরণ দিয়ে ত্রিপুরা পুলিশের এআইজি জানিয়েছেন, SFSL টিম সহ পুলিশ টিম, ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট, কুকুর নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং খোয়াই থানায় Case No. 2025 KHW019 U/S305(a)/3(5) BNS2023 মূলে ২৪ এপ্রিল, ২০২৫ তারিখে এক মামলা নথিভুক্ত করেছে। পুলিশ এই মামলায় দুই জনকে গ্রেপ্তার করে এল ডি কোর্টে পাঠিয়েছে। অপরাধীদের ধরতে থানায় পুরনো রেকর্ড খতিয়ে দেখা হচ্ছে এবং এজাতীয় মামলায় জড়িত সমস্ত পুরনো অপরাধীদের ডেকে এনে জেরা করা হচ্ছে। এখন পর্যন্ত ২৫ জনকে চিহ্নিত করা হয়েছে সন্দেহভাজন হিসেবে পারিপার্শ্বিক ঘটনাগুলির ভিত্তিতে, তাদের পুরনো রেকর্ড ও গোপন তথ্যের ভিত্তিতে। দপ্তরের গোয়েন্দা বিভাগ ও অন্যান্য স্থানীয় সোর্সগুলিকে কাজে লাগানো হচ্ছে অপরাধীদের ধরতে এবং এজাতীয় ঘটনার পুনরাবৃত্তি রোধ করতে।

******